



WEST BENGAL STATE UNIVERSITY
B.A. General PART-II Examinations, 2016

বাংলা - সাধারণ

তৃতীয় পত্র

সময় : ৩ ঘণ্টা

মূল্যমান : ১০০

দক্ষিণ প্রান্তিক সীমার সংখ্যাটি প্রশ্নের পূর্ণ মানের নির্দেশক।
প্রশ্নে একাধিক অংশ থাকিলে প্রত্যেক অংশ আলাদা অনুচ্ছেদে লিখিতে হবে।

১. “ভারতবর্ষে মানুষের ইতিহাস একটি বিশেষ সার্থকতার মূর্তি পরিগ্রহ করিবে, পরিপূর্ণতাকে একটি অপূর্ব আকার দান করিয়া তাহাকে মানবের সামগ্রী করিয়া তুলিবে।”- ‘পূর্ব ও পশ্চিম’ প্রবন্ধে রবীন্দ্রনাথের এই প্রত্যাশা কোন প্রেক্ষিতে সত্য তার পরিচয় দাও। ১৫


অথবা

- “কবির কেকারব সেই বর্ষার গান - কান তাহার মাধুর্য জানে না, ১৫
মনই জানে।”- ‘কেকাধ্বনি’ প্রবন্ধে অবলম্বনে বক্তব্যটি বুঝিয়ে দাও।

২. যে-কোনো একটি প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাও: ৫×১=৫

- (ক) “যাহা সহজেই মিষ্ট তাহাতে অতি শীঘ্র মনের আলস্য আনে, ২+৩
বেশিক্ষণ মনোযোগ থাকে না।”- ‘সহজেই মিষ্ট’ বলতে কী বোঝানো হয়েছে? ‘অতি শীঘ্র মনের আলস্য’ আনয়নের কারণ কী?

- (খ) “সেই প্রাচীন ভারত খণ্ডটুকুর নদী গিরি নগরীর নামগুলিই বা কী সুন্দর।”- কোন প্রবন্ধ থেকে এটি ১+৪
গৃহীত হয়েছে? প্রাচীন ভারতখণ্ডের নদী, গিরি, ও নগরীর নামগুলি উল্লেখ করো।



- (গ) “পৃথিবীতে নেশন গড়ে উঠল সত্যের জোরে; ৫
কিন্তু ন্যাশনালিজম সত্য নয়।”- ‘নেশন’ সত্য হলেও ন্যাশনালিজম সত্য নয় কেন বুঝিয়ে দাও।
৩. ‘কপালকুণ্ডলা’ কোন শ্রেণীর উপন্যাস- তা যুক্তি দিয়ে বুঝিয়ে দাও। ১৫
অথবা
‘মতিবিবি’ চরিত্রটির গুরুত্ব ‘কপালকুণ্ডলা’ উপন্যাসে কতখানি- যুক্তিসহ লেখো। ১৫
৪. যে-কোনো একটি প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাও: ৫×১=৫
(ক) ‘একটি স্ত্রীলোক গঙ্গাসাগরে সন্তান বিসর্জন করিয়া আসিয়াছিল, ছেলে জলে দিয়া আর তুলিতে পারে নাই- সেই কেবল কাঁদিল না।’- ১+৪
স্ত্রী লোকটি কে? প্রসঙ্গ নির্ণয় করে উদ্ধৃতিটির তাৎপর্য ব্যাখ্যা করো।
(খ) ‘পরশ পাথরের স্পর্শে রাস্তাও সোনা হয়।’-কথাটি কে, কাকে বলেছে? ‘পরশপাথর’ ও ‘রাস্তা’ ১+১+৩
বলতে এখানে কী বোঝানো হয়েছে?
(গ) “আঃ, তোর নবকুমার কি আছে? তাকে শিয়ালে খাইয়াছে।”- বক্তা কে? উক্তিটির তাৎপর্য বুঝিয়ে ১+৪
দাও।
৫. “রমেশ একটা আদর্শের প্রতীক মাত্র, তাকে সজীব মানুষ বলিয়া মনে হয় না”- মন্তব্যটি বুঝিয়ে ১৫
দাও।
অথবা
“রমা-রমেশের প্রেম-ই এই উপন্যাসের সর্বাপেক্ষা জটিল ও দুরধিগম্য বিষয়।”- ব্যাখ্যা করো। ১৫
৬. যে-কোনো একটি প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাও: ৫×১=৫
(ক) “ম্যাজিস্ট্রেট আমাকে সারাজীবন কারারুদ্ধ করার ছকুম দিলেও আমি আপিল করে খালাস পেতে ১+৪
চাইনে।” -বক্তা কে? তার এরূপ মনোভাবের কারণ কী?
(খ) “মেয়ে মানুষ হয়ে মেয়ে মানুষের নামে এ অপবাদ দিস্ নে রে, ধর্মে সইবে না।”- কে কাকে কোন ১+১+৩
প্রসঙ্গে একথা বলেছে?



- (গ) “না, অত টাকা লোকসান আমি করতে পারব না।”- কে কাকে একথা বলেছে? বক্তার মানসিকতার পরিচয় দাও। ১+১+৩
৭. ‘রাজা ও রাণী’ নাটকের সমাপ্তি কতখানি শিল্পসম্মত হয়েছে, সমগ্র নাটকটির প্রেক্ষিতে তা নিরূপণ করো। ১৫
- অথবা
- “আমার প্রজারে যারা করিছে পীড়ন
রাজ্য হতে দূর করে দাও তাহাদের”- উক্তিটির আলোকে বক্তার চরিত্র ব্যাখ্যা করো। ১৫
৮. যে-কোনো একটি প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাও: ৫×১ = ৫
- (ক) “তুমি নাকি
পৃথিবীর রাজা। বিপন্নের কেহ নহ?”
-বক্তা কে? অংশটির তাৎপর্য ব্যাখ্যা করো। ১+৪
- (খ) “পলাতক অরাতিরে আক্রমণ করা নহে ক্ষত্রধর্ম।”
-কার প্রতি কার উক্তি? ‘অরাতি’ শব্দের অর্থ কী? উক্তিটির প্রসঙ্গ নির্দেশ করো। ১+১+১+২
- (গ) “আমি নিশিদিন ভালোবাসি
তুমি অবসরমতো বাসিয়ো।”- কার গান? প্রসঙ্গ উল্লেখ করে গানটির বিষয় নির্দেশ করো। ১+২+২
৯. “ব্রজরাণীর চোখ দিয়া ঝর ঝর করিয়া জল ঝরিয়া পড়িল।
করুনায় মমতায় সে যেন দেবীই হইয়া উঠিয়াছে।”
-মন্তব্যটির প্রেক্ষিতে ব্রজরাণী চরিত্রটি আলোচনা করো। ১৫
- অথবা
- ‘চড়াই-উৎরাই’ গল্পের নামকরণ কতদূর সঙ্গত হয়েছে তা আলোচনা করো। ১৫



১০. যে-কোনো একটি প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাও:

৫×১ = ৫

(ক) গাঁয়ে কী গুজব রটেছে জানো?

১+১+১+২

-কে কাকে কোন্ গুজবের কথা বলেছে? এমন গুজব রটার কারণ কী?

(খ) “খালি জন্মো দিলেই বাপ হয় না, অন্ন দিলেও হয়।”

১+১+৩

-উক্তিটি কার? ‘বাপ’ অর্থে কাকে বোঝানো হয়েছে? বক্তব্যটির তাৎপর্য ব্যাখ্যা করো।

(গ) “তোমরা আমরা বলো না। সব আমরা। সব সমান,...।”- প্রসঙ্গসহ তাৎপর্য ব্যাখ্যা করো।

৫